

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৮৭তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ১৭ নভেম্বর, ২০০৯
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : কর্ণেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

১. ক্যাপ্টেন ইয়াহুইয়া সৈয়দ (সি), এএফডব্লিউসি. পিএসসি, বিএন
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
২. গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি,
জিডি(পি)
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
৩. লেঃ কর্ণেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
৪. মেজর এ কে এম শহীদুল হাসান
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
৫. জনাব জিয়াউল ইসলাম চৌধুরী
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
৬. লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত
৭. শাহে এলিদ মাইনুল আমিন
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ ও জনাব আলী বখতিয়ার মাহমুদ, জয়েন্ট সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ।

চলমান পাতা-২

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ : গত ১২ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ১২ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : গত ৩০ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ : অক্টোবর, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা : বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, অক্টোবর, ২০০৯ মাসে গৃহকর বাবদ ক্যান্ট বাজার এলাকা থেকে ১,৫০,২০৬/- টাকা, ডিওএইচএস বনানী এলাকা থেকে ৯,৯২২/- টাকা, ডিওএইচএস মহাখালী এলাকা থেকে ২,৯৩,১৫২/- টাকা, ডিওএইচএস বারিধারা এলাকা থেকে ৫,৩৫,৩০৫/- টাকা এবং কচুক্ষেত এলাকা থেকে ১০,৪০৬/- টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ অক্টোবর, ২০০৯ মাসে ৯,৩৯,৭৬২/- টাকা আদায় হয়েছে। সভায় বোর্ডের রাজস্ব আদায়ে সন্তোষ প্রকাশ করা হয়। তবে কচুক্ষেত এলাকার বকেয়া গৃহকর আদায়ে আরো উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে মন্তব্য করা হয়।

আলোচ্যসূচী-৩ : সেপ্টেম্বর ও অক্টোবর, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেপ্টেম্বর ও অক্টোবর, ২০০৯ মাসে আয় হয়েছে ৭,৯৩,৪৫,২১৮.০০ টাকা এবং ব্যয় হয়েছে ৫,৫৩,৯৯,৫৯১.০০ টাকা।

সিদ্ধান্ত : সেপ্টেম্বর ও অক্টোবর, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ : অক্টোবর, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা : অক্টোবর, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদনের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে মশার উপদ্রব পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। এ প্রসংগে স্টেশন হেলথ অফিসার মেজর এ কে এম শহীদুল হাসান জানান যে, কীটনাশক ঔষধের পর্যাপ্ত মজুদ না থাকায় ব্যাপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা যায় নি। সম্প্রতি মশক নিধন ঔষধ পাওয়া গিয়েছে। এছাড়াও ডিওএইচএসসমূহে শীমই মশক নিধন কার্যক্রম জোরদার করার ব্যাপারে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সশস্ত্র বাহিনী দিবস-২০০৯ উপলক্ষে সেনানিবাসের গুরুত্বপূর্ণ স্থানে জরুরী ভিত্তিতে ব্যাপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করার জন্য স্টেশন হেলথ অফিসারকে অনুরোধ জানানো হলো। চারটি ডিওএইচএস এর জন্য ০৪(চার)টি অত্যাধুনিক ফগার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৫ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১/এ এবং ২৬/এ প্লটে নির্মিত বাড়ীর নিম্নবর্ণিত ০২(দুই) টি ফ্ল্যাট প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মালিক/আম-মোজরগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর গৃহকর হালনাগাদ পরিশোধ আছে এবং অননুমোদিত নির্মাণের বিষয়টি নিয়মিত করা হয়েছে বিধায় নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারেঃ-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#১১/এ, ফ্ল্যাট#এ/৪, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব আবুল খায়ের মোঃ তরিকুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর, বেসিক ডিজাইন এন্ড ডেভলোপমেন্ট লিঃ (জনাব শাদাব হাফিজ চৌধুরী ও শাহরিজাদ জায়না চৌধুরী এর নিযুক্তীয় আম-মোজরগণ) বাড়ী#১১/এ, ফ্ল্যাট#এ/৪, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫ জুলাই, ২০০৯	বিএ-১২৬৮ কর্ণেল সালাহউদ্দিন আহমেদ বাড়ী#১১/এ, ফ্ল্যাট#এ/৪, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১২ অক্টোবর, ২০০৯ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্র।	অননুমোদিত নির্মাণ নেই। গৃহকর পরিশোধ আছে।
(২)	বাড়ী#২৬/এ ফ্ল্যাট#৪/এ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এলিলেন্ট বিল্ডার্স লিঃ (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন, এর নিযুক্তীয় আম-মোজরগণ), ২৬/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৪ সেপ্টেম্বর, ২০০৬	মিসেস শিরিন আজমত স্বামী- আজমাতুল হক বাড়ী#২৬/এ ফ্ল্যাট#৪/এস রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১৯ নভেম্বর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	অননুমোদিত নির্মাণের জন্য ধার্মিকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর নির্ধারণ করা হয়েছে।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ০২(দুই)টি ফ্ল্যাট সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তর করার জন্য অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ : ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ এবং ২ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৫ এবং ১২/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী মালিকদ্বয়ের মৃত্যুজনিত কারণে তাদের উত্তরাধিকারীগণের নামে আদালতের বন্টননামা মূলে নামজারীর জন্য আবেদন করেন। এতদ্বিষয়ে বোর্ডের আইন উপদেষ্টার আইনগত মতামত সভায় পর্যালোচনা করা হয়। সংশ্লিষ্ট প্লট দু'টি অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায় উত্তরাধিকারীদের নামে নামজারী করা যেতে পারে। এছাড়া ক্রমিক নং-৩ ও ৪ এ উল্লেখিত ১৬/এফ এবং ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট দু'টি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অননুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয় বিধায় তাদের নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#৫৫, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) জনাব মোয়াজ্জেম হোসেন (২) শাহনাজ আরা সাঈদ সর্বপিতা- মরহুম মোশারফ হোসেন বাড়ী#৫৫, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১৯ অক্টোবর, ২০০৯		আদালতের বন্টন নামমূলে প্রাপ্ত উত্তরাধিকারগণের	গৃহকর পরিশোধ আছে। আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে।

চলমান পাতা-৪

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(২)	বাড়ী#১২/বি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) জনাব শেখ মাসুদুর রহমান (২) বেগম হাসনা হেনা আলম, (৩) বেগম হাসনা আরা আক্বাস ও (৪) বেগম হাসনা বানু রশিদ, সর্বপিতা- মবহম শেখ মওদুদুর রহমান বাড়ী#১২/বি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২৬ মে, ২০০৯		আদালতের বন্টন নামামূলে প্রাপ্ত উত্তরাধিকারসূত্রে	গৃহকর পরিশোধ আছে। আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে।
(৩)	বাড়ী#১৬/এফ ফ্ল্যাট#এ/২, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ড. মুদী শাহজাহান বাড়ী#১৬/এফ ফ্ল্যাট#এ/২, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ০৭ অক্টোবর, ২০০৯	৩০ এপ্রিল, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক ন পত্র।	১৭ জুন, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৬/এফ/ফ্ল্যাট নং- এ/২/৩৮ নং পত্র।	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা গৃহকর নির্ধারণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
(৪)	বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#সি/৩, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মেজর (অবঃ) হাসনে শানু স্বামী- লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#সি/৩, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫ অক্টোবর, ২০০৯	২৩ ডিসেম্বর, ২০০৮ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্র।	১২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৬/সি/ফ্ল্যাট নং- সি/৩/১৪ নং পত্র।	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা গৃহকর নির্ধারণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৫ এবং ১২/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী দুটি অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায়

নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো :-

বাড়ী # ৫৫

ক্রমিক নং	নাম	সম্পর্ক
(১)	মোয়াজ্জম হোসেন	পুত্র
(২)	শাহনাজ আরা সাঈদ	কন্যা

বাড়ী # ১২/বি

ক্রমিক নং	নাম	সম্পর্ক
(১)	শেখ মাসুদুর রহমান	পুত্র
(২)	হাসনা হেনা আলম	কন্যা
(৩)	হাসনা আরা আক্বাস	কন্যা
(৪)	হাসনা বানু রশিদ	কন্যা

এছাড়াও ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ এবং ২৬/সি নং প্লটে রেজিস্ট্রিকৃত দলিলমূলে সংশ্লিষ্ট ফ্ল্যাট ক্রেতাগণের নামে ফ্ল্যাট দুটি নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর সি/৪ নং ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর প্রসংগে।

আলোচনা :

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর সি/৫ নং ফ্ল্যাটটি মিসেস হাসনা হেনা, স্বামী- শহীদ মেজর হোসেন সোহেল শাহনেওয়াজ এর নিকট বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে গত ১৫ এপ্রিল, ২০০৮ তারিখে উক্ত প্লটের মালিক জনাব মোঃ ফজলুল হক খান আবেদন করেন। তৎপ্রেক্ষিতে গত ১৭ জুন, ২০০৯ তারিখে ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭(৩) এর অনুমোদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ জুলাই, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৬/সি/ফ্ল্যাট নং-সি/৫/১৮ নং পত্রের মাধ্যমে উক্ত সি/৫ নং ফ্ল্যাটটি সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। গত ৩১ আগস্ট, ২০০৯ তারিখে জনাব মোঃ ফজলুল হক খান তাঁর আবেদনে জানান যে, উল্লেখিত ক্রেতার অনুকূলে প্রকৃতপক্ষে সি/৪ নং ফ্ল্যাটটি বিক্রয় করার জন্য তিনি চুক্তিবদ্ধ হয়েছেন। ভুল বশতঃ সি/৪ এর পরিবর্তে সি/৫ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের জন্য ইতোপূর্বে আবেদন করা হয়েছিল। বিস্তারিত পর্যালোচনান্তে বিষয়টি সংশোধন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত :

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর সি/৪ নং ফ্ল্যাটটি মিসেস হাসনা হেনা, স্বামী- শহীদ মেজর হোসেন সোহেল শাহনেওয়াজ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ জুলাই, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৬/সি/ফ্ল্যাট নং-সি/৫/১৮ নং পত্রটি বাতিল করা হলো। বিষয়টি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরকে অবহিত করা হোক।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-৮ : ডিওএইচএসসমূহের গৃহকর পুনঃ নির্ধারণ সংক্রান্ত সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ অক্টোবর, ২০০৯ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্র প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর কিউএমজি শাখায় গত ০৬ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত সভায় সেনানিবাস এলাকার বিভিন্ন ডিওএইচএস সমূহের বাড়ী/ফ্ল্যাটের গৃহকর নির্ধারণ/পুনঃ নির্ধারণ এর বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। আলোচনান্তে ডিওএইচএস ভিত্তিক গৃহকর নির্ধারণের যে সিদ্ধান্ত প্রদান করা হয় তা নিম্নরূপ :-

- ক। গত ৩১ আগস্ট, ২০০৯ তারিখে সেনানিবাস এলাকায় গৃহকর/হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করা হয়। যা কার্যকরী হওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন। এ ব্যাপারে চলমান সভায় পুনরায় গৃহকর হার পুনঃ নির্ধারণ, স্বনির্ধারণী পদ্ধতি গৃহকর প্রদান এবং ৩১ ডিসেম্বর এর পূর্বে গৃহকর পরিশোধে ১০% রেয়াত সুবিধা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।
- খ। সিদ্ধান্ত :- বিষয়টির সার্বিক দিক নিয়ে সভায় পুংখানুপুংখভাবে আলোচনা করা হয়। আলোচনার শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-
- (১) প্লট মালিক/ইজারা গ্রহীতা/বেধ উত্তরাধিকারীর জন্য ০১ টি ফ্লোর এমইএস সিডিউল অব রেটস ১৯৯০ অনুসারে প্রতি বর্গফুট নির্মাণের জন্য ৫৮২/- টাকা খরচ ধরে ফ্লোরটির বাৎসরিক মূল্য নির্ধারণ করবে। বাৎসরিক কর ২৫৪০ বর্গফুটের জন্য আনুমানিক ৬৫০০/- টাকা হবে। ফ্ল্যাটের আয়তন কম/বেশী হইলে অনুরূপভাবে গৃহকর কম/বেশী হইবে।
- (২) অবশিষ্ট ফ্লোরগুলোর ভাড়া দেওয়া হইলে গৃহকর নিম্নলিখিত হারে পুনঃ নির্ধারণ করা হলো :-
- ক) বনানী ডিওএইচএস এর জন্য প্রতি বর্গফুটের জন্য ভাড়া ৩.৭২ টাকা (আনুমানিক ভাড়া ২৫৪০ বর্গফুটের জন্য ৯৪৫০/-টাকা)।
- খ) মহাখালী ডিওএইচএস প্রতি বর্গফুটের জন্য ভাড়া ৩.৩৩ টাকা (আনুমানিক ভাড়া ২৫৪০ বর্গফুটের জন্য ৮৪৬০/-টাকা)
- গ) বারিধারা ডিওএইচএস প্রতি বর্গফুটের জন্য ভাড়া ২.৯৩ টাকা (আনুমানিক ভাড়া ২৫৪০ বর্গফুটের জন্য ৭৪৫০/-টাকা)।
- ঘ) মিরপুর ডিওএইচএস প্রতি বর্গফুটের জন্য ভাড়া ২.১২ টাকা (আনুমানিক ভাড়া ১৯২০ বর্গফুটের জন্য ৪১০০/-টাকা)।
- ঙ) বাড়ীর গৃহকর নির্ধারণের ক্ষেত্রে কোন অবস্থাতেই কোন সুবিধা বিবেচ্য হবে না।
- চ) নির্দিষ্ট সময়ে ট্যাক্স পরিশোধ করলে ১০% রেয়াত দেয়া হবে।
- ছ) কোন ফ্ল্যাট ক্রয় করে নিজে বসবাস করলে (বেসামরিক) ৪০% নিজ বসতির সুবিধা প্রাপ্ত হবেন। তবে এই কর ৭,৫০০/- টাকার কম হবে না।
- জ) প্রতি তিন বছর অন্তর এই কর পুনঃ নির্ধারণ বিবেচনা করা হবে।
- ঝ) এখন থেকে প্লট মালিকগণ স্বনির্ধারণী গৃহকর ফরম এর মাধ্যমে গৃহকর পরিশোধ করবে। এ ব্যাপারে একটি খসড়া স্বনির্ধারণী গৃহকর ফরম মতামত প্রদানের জন্য ইতিমধ্যেই সকলকে প্রদান করা হয়েছে। আগামী ১৩ অক্টোবর, ২০০৯ তারিখের মধ্যে এ ব্যাপারে কোন মতামত পাওয়া না গেলে স্বনির্ধারণী গৃহকর ফরম কার্যকরী করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- (এ৩) উল্লেখিত পুনঃ ধার্যকৃত গৃহকর কেবল মাত্র সকল ডিওএইচএসসমূহের জন্য প্রযোজ্য হবে।

সভায় ডিওএইচএসসমূহের গৃহকর বিষয়ক কিউএমজি মহোদয়ের নির্দেশনা সরকারের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত : প্রস্তাবিত গৃহকর এর হার সরকারী অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। প্রস্তাবিত গৃহকরের হার অনুমোদন না হওয়া পর্যন্ত বর্তমানে বলবৎ হারে গৃহকর আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৬

আলোচ্যসূচী-৯ : সেনাপত্নী হাই স্কুল ও আদর্শ বিদ্যালয়কেতন, মানিকদী-তে ০২টি ক্যান্টিন ইজারার দর অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আদর্শ বিদ্যালয়কেতন, মানিকদী স্কুলের বাউন্ডারীর অভ্যন্তরে ১০'x১৫' ফুট জায়গার উপর নিজ ব্যয়ে দোকার ঘর নির্মাণ পূর্বক ০৫ বছরের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ক্যান্টিন পরিচালনার জন্য দরপত্র আহবান করা হলে ১৫ অক্টোবর, ২০০৯ তারিখে মোট ০৩ টি দরপত্র পাওয়া যায় এবং জিডিও'র উপস্থিতিতে উক্ত দরপত্র খোলা হলে জনাব মোঃ খলিলুর রহমান, ২৭১, পশ্চিম মানিকদী, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত ১৫০০/- টাকার সর্বোচ্চ প্রদান করা হয়। উক্ত দর ২৫ অক্টোবর, ২০০৯ তারিখে মিনিট সীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। এছাড়াও সেনাপত্নী উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারীর অভ্যন্তরে ১০'x১৫' ফুট জায়গার উপর নিজ ব্যয়ে দোকার ঘর নির্মাণ পূর্বক ০৫ বছরের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ক্যান্টিন পরিচালনার জন্য দরপত্র আহবান করা হলে ১৫/১০/২০০৯ তারিখে কোন দরপত্র পাওয়া যায়না। ফলে পুনঃ দরপত্র আহবান করা হলে ২৮ অক্টোবর, ২০০৯ তারিখে মোট ০৫ টি দরপত্র পাওয়া যায় এবং জিডিও'র উপস্থিতিতে উক্ত দরপত্র খোলা হলে জনাব মোঃ জিয়াউল আমিন, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,৬০০/- টাকার সর্বোচ্চ হয়। উক্ত দর ০১ নভেম্বর, ২০০৯ তারিখে মিনিট সীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত হয়।

সিদ্ধান্ত : প্রাপ্ত সর্বোচ্চ দর দু'টির ঘটনোত্তর অনুমোদন করা হলো। তবে উক্ত স্থানের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে সালামী আদায় করতে হবে এবং বরাদ্দকৃত স্থানে স্বাস্থ্যসম্মতভাবে খাবার পরিবেশন নিশ্চিত করতে হবে।

আলোচ্যসূচী-১০ : মিরপুর ডিওএইচএস এলাকায় আভারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের চুক্তিপত্র অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স তালুকদার ট্রেডিং কর্পোরেশন গত ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখে মিরপুর ডিওএইচএস এলাকায় আভার গ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনটি ১৮ মে, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে একটি খসড়া চুক্তিপত্র প্রস্তুত করা হয়। উক্ত খসড়া চুক্তিপত্রের উপর ২৮ জুলাই, ২০০৯ তারিখে মেসার্স তালুকদার ট্রেডিং কর্পোরেশন আপত্তি প্রদান করেন। সেপ্রেক্ষিতে বিষয়টি ৩০ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে এই ব্যাপারে মেসার্স তালুকদার ট্রেডিং কর্পোরেশন এর ২৮ জুলাই, ২০০৯ তারিখের পত্রের উপর মিরপুর ডিওএইচএস পরিষদের মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এতদ্ব্যপারে মিরপুর ডিওএইচএস পরিষদ তাদের ১৫ অক্টোবর, ২০০৯ তারিখের ১৭০১/ ডিওএইচএস/মিরপুর নং পত্রে যে মতামত প্রদান করেছেন তা নিম্নে প্রদান করা হলো :-

“.....তালুকদার ট্রেডিং কর্পোরেশনকে মিরপুর ডিওএইচএস এলাকায় আভার গ্রাউন্ড ফাইবার অপটিক্যাল লাইন স্থাপনের নিমিত্তে বরাত পত্রের সংযুক্ত দরখাস্তের ক্রমিক নং ১খ এবং ১জ বিষয় ব্যতিত অন্যান্য বিষয় অত্র পরিষদ এর আওতাভুক্ত নয়। উল্লেখ্য এ পর্যন্ত মোট ০৫ টি প্রতিষ্ঠানকে ওভার হেড ক্যাবল টিডি সংযোগের জন্য এবং ০১ টি প্রতিষ্ঠানকে ইন্টারনেট সংযোগের জন্য অনুমতি প্রদান করা হয়েছে। বিষয় উল্লেখিত প্রতিষ্ঠানের কাজের মান সার্বিকভাবে সন্তোষজনক হলে ওভার হেড সংযোগ না প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। ক্রমিক নং-১জ এর বিষয়ে প্রচলিত নিয়ম অনুসরণ করার বিষয়ে অত্র পরিষদ মত পোষন করে।”

সিদ্ধান্ত : বোর্ডের অনুমোদিত শর্তানুযায়ী চুক্তিপত্র সম্পাদন করতে সম্মত না হলে অনুমতিপত্র বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি অনুমোদনলাভকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করা হোক।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১১ : বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টারের ৫ম ও ৬ষ্ঠ তলা দীর্ঘ মেয়াদী লীজ অথবা ভাড়া প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টারের ৫ম ও ৬ষ্ঠ তলা দীর্ঘ মেয়াদী ইজারা অথবা ভাড়া নেয়ার জন্য ভার্গো ফার্মাসিউটিক্যালস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক, ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ সাফায়েতুল ইসলাম (অবঃ) গত ২৮ অক্টোবর, ২০০৯ তারিখে স্টেশন সদর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। স্টেশন সদর দপ্তর কর্তৃক ০১ নভেম্বর, ২০০৯ তারিখের ৬২৪/১/এ/পার্ট নং পত্রের মাধ্যমে আবেদন পত্রটি পরবর্তী কার্যক্রমের জন্য অত্র দপ্তরে প্রেরণ করা হয়। কনভেনশন সেন্টারের ৪র্থ তলা নির্মাণের পর ৫ম ও ৬ষ্ঠ তলার নির্মাণ ব্যয় সংশ্লিষ্ট লীজ গ্রহীতা কর্তৃক পরিশোধে সম্মত হলে দীর্ঘ মেয়াদে ইজারা প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টারের ৪র্থ তলা নির্মাণের পর ৫ম ও ৬ষ্ঠ তলার নির্মাণ ব্যয় সংশ্লিষ্ট লীজ গ্রহীতা কর্তৃক পরিশোধে সম্মত হলে দীর্ঘ মেয়াদে ইজারা প্রদানের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে প্রস্তাবিত লীজ গ্রহীতাকে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করার জন্য পত্র দেয়া হোক।

আলোচ্যসূচী-১২ : গত ১২ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার শপ প্লট নং-৯৩ এর ইজারা নবায়ন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে-

১. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট বিস্তারিত ৯৩ (সাবেক সপ প্লট নং-৮) নং সপ প্লটটি ২৮/৮/৭৮ ইং তারিখের ১৭৫৮৬ নং দলিলমূলে হাজী সৈয়দ আলী খান, পিতা-হাজী সুরত আলী খান এর নামে ০১ এপ্রিল, ১৯৭৮ হতে ৩০ বৎসর মেয়াদে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা প্রিমিয়াম এবং বার্ষিক ৩১.২৫ টাকা খাজনায় (যা ৯০ বছর পর্যন্ত নবায়নযোগ্য) ইজারা প্রদান করা হয়।
- ২। পরবর্তীতে ১৪/০৪/৭৯ তারিখের ৪৫৫৭ নং দলিলমূলে হাজী সৈয়দ আলী খান উক্ত প্লটটি জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা-মৃত আহমেদ হোসেন এর নিকট বিক্রয়/হস্তান্তর করেন।
৩. অতঃপর ২৬/৭/৭৯ তারিখের ১০৭৪৫ নং দলিলমূলে জনাব আনোয়ার হোসেন উক্ত সপ প্লটটি জনাব আশরাফ হোসেন, পিতা-মৃত আহমেদ হোসেন এর নিকট হস্তান্তর করেন। তৎপ্রেক্ষিতে অত্রদপ্তরের ৩১/৭/৭৯ তারিখের সিবিডি/এনএ/৮(সপ) সি অর্ডার/৪৫ নং পত্রে জনাব আশরাফ হোসেন এর নামে নামান্তরিত হয়।
৪. অতঃপর ২৪/৪/৮৪ তারিখের ১৯২৬ নং দলিলমূলে জনাব আশরাফ হোসেন উক্ত সপ প্লটটি পুনরায় হদীস ভাই মেজর (অবঃ) আনোয়ার হোসেন এর নিকট হস্তান্তর করেন। তৎপ্রেক্ষিতে অত্রদপ্তরের ০৫/০৬/৮৫ তারিখের সকার্ড/সপ প্লট-৮/৯১ নং পত্রে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মেজর (অবঃ) আনোয়ার হোসেন এর নামে ৩০/০৪/৮৫ তারিখের ১৩ নং বোর্ড সিদ্ধান্তের আলোকে নামজারী করা হয়।
- ৫। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ইজারা প্রদত্ত ৯৩ নং সপ প্লটের ৩০ বৎসর ইজারা মেয়াদ ৩১/৩/০৮ তারিখে উত্তীর্ণ হওয়ায় মেজর (অবঃ) আনোয়ার হোসেন উক্ত প্লটটি পুনরায় ৯০ বৎসর ইজারা মেয়াদ নবায়ন করার জন্য ৩০/৭/০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

বিস্তারিত পর্যালোচনান্তে গত ১৪/২/০৮ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার ৩ নং সিদ্ধান্ত মোতাবেক বাজার মূল্য অনুযায়ী প্রিমিয়াম নির্ধারণপূর্বক বিষয়টি সাভুসে অধিদপ্তরের মাধ্যমে অনুমোদনের নিমিত্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সাব-রেজিস্টার এর দপ্তরে থেকে উক্ত জমির মৌজা ভিত্তিক বর্তমান বাজার দর যাচাই করে প্রিমিয়াম ও খাজনার একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

চলমান পাতা-৮

আলোচ্যসূচী-১৩ : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	বিএ-১৫৫৫ লেঃ জেনাঃ সিনা ইবনে জামালী	২১৫	মিরপুর	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
	বিএ-১৫৫৬ মেঃ জেনাঃ আব্দুল হাফিজ	২১৭	ডিওএইচএস	
(২)	বিএ-১৯৭৮ ব্রিগেঃ জেনাঃ কার্জা ফকরুদ্দীন আহমেদ	৬৯৬	মিরপুর	০৬(ছয়) তলা নতুন ভবন
(৩)	পি নং-২০৯ কমন্ডার রিয়াজউদ্দীন আহমেদ (ই), বিএন	২২৬	ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন
			ডিওএইচএস	
(৪)	পি নং-২২৬ ক্যাপ্টেন মোহাম্মদ আলী খান	৫৮৪	মিরপুর	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন)
(৫)	বিডি-৭০৪১ উইং কমান্ডার মহিউদ্দিন খন্দকার (অবঃ)	৭০০	ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন
			ডিওএইচএস	
(৬)	বিএসএস-১৭৪৭ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আমিনুর রহমান, পিএসসি	২৭৯	মিরপুর	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন)
			ডিওএইচএস	
(৭)	পি নং-২৬১ কমান্ডার সরদার মিজানুর রহমান (এস) বিএন (অবঃ)	৬৭১	মিরপুর	০৬(ছয়) তলা নতুন ভবন
			ডিওএইচএস	
(৮)	পি নং-২৩৯ ক্যাপ্টেন সৈয়দ এরশাদ আহমেদ, ই, পিএসসি, বিএন	৭৭৫	মিরপুর	০৬(ছয়) তলা নতুন ভবন
			ডিওএইচএস	
(৯)	বিএ-১৭৬১ লেঃ কর্ণেল মোঃ রকিবুর রহমান, বিপি (অবঃ) বিডি-৭০০৩ উইং কমান্ডার এম এ গোফরান উইয়া (অবঃ)	৪৪৯/৭	বারিধারা	০৬(ছয়) তলা নতুন ভবন
			ডিওএইচএস	
(১০)	জনাব তুতিউর রহমান চৌধুরী	২০৯	বারিধারা	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন এক তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
(১১)	জনাব মোঃ আমিনুল ইসলাম গং	৭/এ	বনানী	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন চার তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
			ডিওএইচএস	
(১২)	মিসেস সৈয়দা নাহিদ মানসুর স্বামী- বিএ০২১৮ ব্রিগেঃ জেনাঃ মানসুর আফজাল	৯৬	বনানী	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন দুই তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
			ডিওএইচএস	
(১৩)	বেগম মাহমুদা আক্তার	৮০	বনানী	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন দুই তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
			ডিওএইচএস	
(১৪)	ডঃ দিল আফরোজ কাদের স্বামী- মেজর জেনাঃ গোলাম কাদের (অবঃ)	১৭	বনানী	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন দুই তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
			ডিওএইচএস	
(১৫)	বিএসএস-৩২২ ব্রিগেঃ জেনাঃ সেলিম খান (অবঃ)	২১০	মহাখালী	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (পুরাতন চার তলা ভবন ভেঙ্গে ছয় তলা নতুন ভবন নির্মাণ)
(১৬)	জনাব মোঃ শাহজাহান মিয়া	সিবি-২১৩	মৌজা-	সংশোধিত ০৬(ছয়) তলা (সিবি-২১৩/১, ২১৩/২ ও ২৯৯/এ এর সাথে যৌথভাবে ছয় তলা ভবন নির্মাণ)
			লালাসরাই সিএস- ১৪১(অংশ)	
(১৭)	জনাব মোঃ নাজিম উদ্দিন	সিবি-২২	মৌজা- লালাসরাই সিএস-১৫০(অংশ)	০৫(পাঁচ) তলা নতুন আবাসিক ভবন

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৭(দশ)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

গৃহীত সিদ্ধান্ত : ক্রমিক নং-১ থেকে ৯ এ উল্লেখিত মোট ০৯(নয়)টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং ক্রমিক নং-১০ থেকে ১৭ এ উল্লেখিত নকশাগুলোর জন্য রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ জমা সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্টসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্টসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদন করার জন্য আবেদন করা হয়েছে। কিন্তু বর্তমানে প্রচলিত সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বেসমেন্টসহ নকশা অনুমোদন করার বিধান নেই। বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির আগামী সভায় বিষয়টি উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-৯

আলোচ্যসূচী-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে :-

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১)	বনানী ডিওএইচএস এলাকার পূর্ব দিকে সীমানা দেয়াল (উত্তর-পূর্ব অংশ) বরাবর আরসিসি পাইপ ড্রেন নির্মাণ ও মাটি ভরাট কাজ।	২০,০০,০০০/- টাকা	বনানী ডিওএইচএস এলাকার অননুমোদিত নির্মাণের জন্য ক্ষতিপূরণের খরচ জমা কৃত অর্থ হতে।
(২)	বনানী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের উত্তরাংশের জলাবদ্ধতা দূরীকরণের জন্য রাস্তা উচ্চকরণসহ ড্রেন নির্মাণ ও বিটুমিনাস কার্পেটিং কাজ।	৭,০০,০০০/- টাকা	-ঐ-
(৩)	বনানী ডিওএইচএস এলাকার উত্তর দিকে গল্ফ এর দেয়াল বরাবর পূর্ব-পশ্চিমে ওয়াকওয়ে নির্মাণ।	৬,৯৫,০০০/- টাকা	-ঐ-
(৪)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন রাস্তা মেরামত ও কার্পেটিং করণ :		
	(ক) রোড নং-২/এ	৩,০০,০০০/- টাকা	ক্যান্টনমেন্ট বাজার এলাকার রাস্তার ক্ষতিপূরণ খরচ প্রাপ্ত অর্থ হতে
	(খ) রোড নং-৫ ও ৬ এর সংযোগ সড়ক	৩,৫০,০০০/- টাকা	-ঐ-
	(গ) শহীদ বদিউজ্জামান রোডের বিভিন্ন অংশে পটহোল মেরামতসহ সীলকোটকরণ।	৪,১০,০০০/- টাকা	-ঐ-
(৫)	সিএমএইচ এর সম্মুখস্থ নির্মাণাধীন বাস স্টপের সংশোধিত মূল্যানুমান।	৬,৪০,২৩৭/- টাকা	বোর্ড ফান্ড
(৬)	মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন ২য় মসজিদের জন্য সিঁড়ি ঘর নির্মাণসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের সংশোধিত মূল্যানুমান (অনুমোদিত দর অনুযায়ী)।	২১,৯৩,৩৯৯/- টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৭)	সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ (আল্লাহ মসজিদ) এর আভ্যন্তরীণ মেরামত ও রংকরণ কাজ।	১,১১,১৩৪/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৮)	মহাখালী বিমান বন্দর সড়কের সংযোগ হতে আবাস গার্ডেন এলাকার রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	৯,২৭,০০২/- টাকা	অনুদান/বোর্ড ফান্ড
(৯)	কঞ্জারভেসী ট্রাক ওয়াসের জন্য অফিস গ্যারেজে জিআই পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ।	২২,৮৪৫/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(১০)	বিমান বাহিনী সদর দপ্তরের নিকটবর্তী সৌদি কলোনীস্থ রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	১,৫০,০০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(১১)	মহাখালী ডিওএইচএস এলাকার ১০ নং রোডের কার্পেটিং কাজ।	১,৮১,২৪২/- টাকা	সিডিউল এলাকার অননুমোদিত নির্মাণের ক্ষতিপূরণ খরচ প্রাপ্ত অর্থ হতে
(১২)	ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর বাস ভবনের পার্শ্বে পুরাতন শেড মেরামতকরণ।	৫৯,৫৮৩/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এবং ডিওএইচএস এর উপরোল্লিখিত ১২ (বার)টি কাজের মূল্যানুমান যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ১২(বার)টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-৭, ৯, ১০ ও ১২ এ বর্ণিত কাজগুলোর জন্য দরপ্রাপ্ত আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট ০৮ টি কাজের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ : বারিধারা ডিওএইচএস এর ১৯৪ নং প্লটের অননুমোদিত নির্মাণের ক্ষতিপূরণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ১৯৪ নং প্লটে নির্মিত বাড়ীতে সর্বমোট ৯৯৯.৫০ বর্গফুট (৬তলা পর্যন্ত ৭৫২.০০ বর্গফুট এবং ৬তলার উপর ২৪৭ বর্গফুট) অননুমোদিত নির্মাণ রয়েছে। যার মধ্যে ৬তলার উপর ২৪৭.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ খরচ ৭৪,১০০/- (চুয়ান্ন হাজার একশত) টাকা ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। বর্তমানে ৬তলা পর্যন্ত ৭৫২.৫০ বর্গফুট ক্ষতিপূরণ বহির্ভূত অননুমোদিত নির্মাণ রয়েছে। উল্লেখ্য যে, উক্ত প্লটের ইজারা গ্রহীতা কর্নেল এ কে এম রকিবুল ইসলাম (অবঃ) গত ০৭ এপ্রিল, ২০০৫ তারিখে জরিমানার ১ম কিস্তি হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ০১ (এক)টি চেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা নেওয়ার আবেদন করেন। কিন্তু অত্র দপ্তর কর্তৃক উহা গ্রহণ করা হয়নি। এমতাবস্থায়, উক্ত প্লটের ইজারাগ্রহীতা পূর্বের নিয়মানুযায়ী ৬তলা পর্যন্ত প্রতি বর্গফুট ২০০/- টাকা হিসাবে ক্ষতিপূরণ জমা নেওয়ার আবেদন করেছেন। সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৩তম সভার আলোচ্যসূচী-৭ এর সিদ্ধান্ত অনুযায়ী অক্টোবর, ২০০৯ ইং পর্যন্ত ৬তলা পর্যন্ত প্রতি বর্গফুট ক্ষতিপূরণ দাড়ায় ৬৩০/- (ছয়শত ত্রিশ) টাকা। যেহেতু আলোচ্য প্লটে অননুমোদিত নির্মাণের জন্য প্রতি বর্গফুট ২০০/- (দুই শত) টাকা হারে ক্ষতিপূরণ নির্ধারণ করে ইতোপূর্বে পত্র দেয়া হয়েছে সেহেতু উক্ত হারে জরিমানা আদায় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বারিধারা ডিওএইচএস এর ১৯৪ নং প্লটে অননুমোদিত নকশা বহির্ভূত অননুমোদিত নির্মাণের জন্য প্রতি বর্গফুট ২০০/- (দুইশত) টাকা হারে ক্ষতিপূরণ আদায় করে বিঘটি নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে সমুদয় ক্ষতিপূরণ এক কিস্তিতে পরিশোধ করতে হবে।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৭ : মহাখালী ডিওএইচএস এলাকার ২১৪, ৩২০ ও ৩৬৭ নং প্লটের অননুমোদিত নির্মাণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় উল্লেখিত প্লট সংক্রান্ত বিষয়াদি নিম্নে প্রদত্ত হলো :-

মহাখালী-২১৪ :

মহাখালী ডিওএইচএস এর ২১৪ নং প্লটে ৬(ছয়) তলা আবাসিক ভবন নির্মাণের নিমিত্তে গত ২৩/০১/২০০৭ তারিখে সংশোধিত নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে উক্ত প্লটে অনুমোদিত নকশা বহির্ভূতভাবে নির্মাণ কাজ করা হয়। যা অপসারণের জন্য গত ১৩/১০/২০০৯ তারিখে নোটিশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লট মালিক গত ০৩/১১/২০০৯ তারিখ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রচলিত নিয়মানুযায়ী জরিমানা পরিশোধ করে (প্রতি মাসে অতিরিক্ত ৫% জরিমানাসহ) তার অননুমোদিত নির্মাণ নিয়মিত করার জন্য আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে ০৬(ছয়) তলা পর্যন্ত মোট ১৩২২.৮০ বর্গফুট অননুমোদিত নির্মাণ রয়েছে।

মহাখালী-৩২০ :

মহাখালী ডিওএইচএস এর ৩২০ নং প্লটে গত ১৭/১২/১৯৯৬ তারিখে সংশোধিত অনুমোদন করা হয় এবং পুনরায় ০৬/৯/২০০৭ তারিখে সংশোধিত নকশা অনুমোদন করা হয়। ২০০৭ সালের পর কোন অননুমোদিত নির্মাণ করা যাবে না মর্মে সেনাসদর, কিউএমজি শাখার নির্দেশ আছে। গত ১৪/৬/০৯ এবং ০৫/১০/০৯ তারিখে প্লট মালিক তার অননুমোদিত নির্মাণ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রচলিত নিয়মানুযায়ী জরিমানা পরিশোধ করিতে সম্মত আছেন মর্মে অত্র দপ্তরে আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে অনুমোদিত নকশা বহির্ভূত মোট ১৭৩.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণ রয়েছে।

মহাখালী-৩৬৭ :

মহাখালী ডিওএইচএস এর ৩৬৭ নং প্লটে গত ১৮/৭/০৬ তারিখে এই প্লটের সংশোধিত নকশা অনুমোদন করা হয়। প্লট মালিক নকশা বহির্ভূত ৪৯৫.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণ কাজ করেন যা অপসারণ করার জন্য গত ২৮/১০/০৮ তারিখ, ২৫/১১/০৮ তারিখ এবং ১৮/০৩/০৯ তারিখে নোটিশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লট মালিক ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়মানুযায়ী জরিমানা পরিশোধ করার জন্য ১১/০৩/০৯ এবং ১৬/৯/০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

এ প্রসংগে উল্লেখ্য যে, সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৩তম সভার আলোচ্যসূচী-৭ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

“..... বনানী/মহাখালী ও বারিধারা ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণ কাজের জন্য ধার্যকৃত জরিমানা নির্ধারিত সময়ের মধ্যে যারা পরিশোধে ব্যর্থ হইয়াছেন, ক্যান্টনমেন্ট বোর্ড অবিলম্বে বিধি মোতাবেক তাদের অননুমোদিত নির্মাণ কাজ ভেঙ্গে দিবে। অননুমোদিত নির্মাণকারী অগ্রহী হলে মূল জরিমানার ৫০% অতিরিক্তসহ জরিমানার সমুদয় অর্থ অর্থাৎ ডিসেম্বর, ২০০৭ এর মধ্যে পরিশোধ সাপেক্ষে তা নিয়মিত করা হবে। উল্লেখিত সময়ের পর কোন অননুমোদিত নির্মাণ কাজ পাওয়া গেলে বর্ণিত জরিমানা ছাড়া প্রতি মাসে ৫% অতিরিক্ত জরিমানা পরিশোধ করে সেনাসদর, কিউএমজি শাখার অনুমোদন সাপেক্ষে নিয়মিত করা হবে। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করবেন।”

সার্বিক বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, উপরোল্লিখিত প্লটগুলোতে ২০০৭ সালের পর অননুমোদিত নির্মাণ কাজ করা হয়েছে। যা সেনাসদরের নির্দেশনা মোতাবেক নিয়মিত করার কোন অবকাশ নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকার ২১৪, ৩২০ ও ৩৬৭ নং প্লটের অননুমোদিত নির্মাণসমূহ অপসারণ করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিকগণকে পত্র প্রদান করা হোক।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-১৮ : মহাখালী ডিওএইচএস এলাকার ৩২৬/এ নং প্লটে বিদ্যুতের এইচটি লাইন টানাসহ অন্যান্য কাজের জন্য ডেসকো কর্তৃপক্ষকে অর্থ প্রদান প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পের লেইন নম্বর-২২এ অবস্থিত প্লট নম্বর ৩২৬/এ পর্যন্ত বোর্ডের খরচে হাই টেনশন (H.T) বৈদ্যুতিক লাইন বর্ধিত করণের জন্য ব্রিগেঃ জেনাঃ মীর মোঃ শহীদুল ইসলাম, এনডিসি (এলপিআর), সদর দপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস এবং কর্নেল মোঃ ইসহাক সিকদার, এনডিসি, পিএসসি (অবঃ), বাড়ী#২০-২১, রোড#৫, সেকশন#১২/বি, মিরপুর, পল্লবী, ঢাকা-১২১৬ গত ০১ নভেম্বর, ২০০৯ তারিখের আবেদন করেন। উল্লেখ্য যে, (H.T) লাইন স্থাপনের জন্য যদি কোন আর্থিক সংশ্লেষ এর প্রয়োজন হয় তবে তা আবেদনকারীদ্বয় কর্তৃক পরিশোধিত ডেভেলপমেন্ট চার্জ ও অননুমোদিত নির্মাণ নিয়মিত করণের জন্য ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত পরিশোধিত ১২,৮৫,৭২৫/-টাকা হতে পরিশোধ করার জন্য অনুরোধ জানানো হয়। এইচটি লাইন টানার কাজটি যেহেতু ডেসকো কর্তৃপক্ষ করে থাকে সেহেতু এ ব্যাপারে কোন আর্থিক সংশ্লেষ থাকলে তা সংশ্লিষ্ট প্লট মালিক/ডেসকো কর্তৃপক্ষ বহন করবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এর ৩২৬/এ নং প্লট পর্যন্ত এইচটি লাইন টানার ব্যয় বোর্ড কর্তৃক বহন করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট প্লট মালিককে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৯ : বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টার নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টারের (১) বেইজমেন্ট (১৪,৮৮১.০০ বর্গফুট) (২) নিচতলার লেভেল-১ (১০,৫৬১.০০ বর্গফুট) (৩) লেভেল-২ (৮,৩৩৩.০০ বর্গফুট) (৪) লেভেল-৩ এর কলাম ঢালই এর কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে এবং ছাদ কাঁসটিং এর প্রস্তুতি চলছে। অগ্রগতি ৪৫%। উক্ত কাজে নিয়োজিত ঠিকাদারকে অবশিষ্ট কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করা হয়েছে এবং তিনি জানিয়েছেন যে, জুন, ২০০৯ এর মধ্যে ৪র্থ তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করবেন।

সিদ্ধান্ত : উক্ত কাজে নিয়োজিত ঠিকাদারকে লিখিত তাগিদপত্র প্রদান করা হোক এবং জুন, ২০০৯ এর মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে বিধি মোতাবেক জরিমানা করা হবে মর্মে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২০ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সদর দপ্তর, ডিজিএফআই সংলগ্ন ৩০(ত্রিশ)টি খালি দোকানের পুরাতন ভবনের এমআরপি অনুমোদন প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সদর দপ্তর, ডিজিএফআই সংলগ্ন ৩০(ত্রিশ)টি খালি দোকানের পুরাতন ভবনের এমআরপি নির্ধারণের নিমিত্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের অফিস আদেশ নম্বর-৭১৩/এ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে নির্বাহী প্রকৌশলী, সিনিয়র কঞ্জারভেঙ্গার অফিসার, রেভিনিউ অফিসার ও একজন উপ-সহকারী প্রকৌশলীকে অন্তর্ভুক্ত করা হয়। কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ৩,৫৪,১২৮/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার একশত আটশ) টাকার এমআরপি অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সদর দপ্তর, ডিজিএফআই সংলগ্ন ৩০(ত্রিশ)টি খালি দোকানের পুরাতন ভবনের ৩,৫৪,১২৮/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার একশত আটশ) টাকার এমআরপি অনুমোদন করা হলো।

চলমান পাতা-১২

আলোচ্যসূচী-২১ ৪ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে ৪-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ খোতাবেক	Lowest/ Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১)	রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদের পূর্ব পার্শ্বের রাস্তা উচ্চকরণসহ কার্পেটিং কাজ ও ড্রেন নির্মাণকরণ।	১২,২০,৫৩২/- টাকা	মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন	১৪,০২,৬০২/৯৪	অনুদান/বোর্ড ফান্ড
(২)	রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম দিকে মিরপুর ১৪ নং সেকশনের সংযোগ সড়কের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়গায় ৬ তলা ভিতের ৪ তলা পর্যন্ত ৪×৪ = ১৬ (মোল)টি দোকান নির্মাণ কাজের আর্কিটেকচারাল ড্রয়িং ও ডিজাইন প্রস্তুতকরণ।	৩০,০০০/- টাকা (বাজার দর)	মেসার্স ইউনিক কনসালটিং সার্ভিসেস	৩০,০০০/- টাকা	বোর্ড ফান্ড
(৩)	শাপলা চত্বরের শাপলা রংকরণ, গ্রীল মেরামত ও পুনঃস্থাপনসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ।	৩,০৪,৩০৩/- টাকা	মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন কোং	২,৯৭,২১৭/৪১ টাকা	বোর্ড ফান্ড পিসিবি কর্তৃক অনুমোদিত
(৪)	স্বাধীনতা চত্বরে ০৭(সাত) জন বীর শ্রেষ্ঠের নাম ফলক ও ছবি পুনঃলিখন, মূল ফলক পুনঃ নির্মাণ, রংকরণ, গ্রীল নির্মাণ ইত্যাদি।	৪,৭২,৪৭৮/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	৪,০৬,৪৮৭/৭৩ টাকা	বোর্ড ফান্ড পিসিবি কর্তৃক অনুমোদিত
(৫)	স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে বৃষ্টির কারণে সৃষ্ট পটহোল মেরামত ও কার্পেটিং কাজ।	৯৮,৮০০/- টাকা	মেসার্স গাজী এন্ড ব্রাদার্স	১,০৮,৩১২/৭২ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৬)	শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ট্রাফিক নির্দেশনা বোর্ড সংস্কার ও উজ্জ্বলকরণ।	৯৫,১৩২/- টাকা (বাজার দর)	মেসার্স নয়ন এন্টারপ্রাইজ	১,০৩,২২০/২০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৭)	অতি বর্ষপের কারণে মিরপুর ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপে নির্মিত বাড়িভারী ওয়াল মেরামতকরণ।	১,৯৫,২৯২/- টাকা	মেসার্স জি এম ট্রেডার্স	২,৩৫,৮৮০/৮২ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৮)	অতি বর্ষপের কারণে মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ধসে যাওয়া বিভিন্ন রাস্তা মেরামত কাজ।	১,১২,২৭৬/- টাকা	মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন কোং	১,৩৩,৭৫১/৪৯ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৯)	মিরপুর ডিওএইচএস এর ৬০'-০" রাস্তার আংশিক ধসে যাওয়া অংশ মেরামত কাজ।	৪,৯৩,৬৪২/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	৬,০৭,৩৫৭/৩৫ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১০)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮২ ও ৮৩ নং প্লটের পশ্চিম সীমানার সীমানা প্রাচীর নির্মাণ কাজ।	২,৭৭,৮৭১/- টাকা	মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ	৩,৩৪,১৫১/০৯ টাকা	বোর্ড ফান্ড
(১১)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ এবং ৫ নং রোডের মধ্যবর্তী স্থানে সেনানিবাসের পশ্চিম পার্শ্বে নিরাপত্তা প্রাচীর নির্মাণ কাজ।	৬,২৫,০১২/- টাকা	মেসার্স হাবিব ট্রেডিং	৭,৪৮,০৯৩/২৭ টাকা	বোর্ড ফান্ড
(১২)	ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনের ও অফিস সংলগ্ন রাস্তায় বিটুমিনাস সীলকোট করণ কাজ।	১,৯৩,৯২৩/- টাকা	মেসার্স জি এম ট্রেডার্স	২,১১,১৮০/৬১ টাকা	বোর্ড ফান্ড
(১৩)	স্বাধীনতা সরণির রজনীগন্ধা এমপি চেক পোস্ট হতে বনানী এমপি চেক পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক ক্যাবল স্থাপনের খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	৮,০৪,১৭৫/- টাকা	মেসার্স ইউনিভার্সেল ওভারসিস কর্পোরেশন	৫,৪০,০০০/- টাকা	বোর্ড ফান্ড এর জন্য উন্নয়ন তহবিল
(১৪)	স্বাধীনতা সরণিতে যান বাহনের গতি নিয়ন্ত্রণের জন্য স্পীড ব্রেকার নির্মাণ ও শহীদ সরণিতে ট্রাফিক ব্যাংকের সম্মুখে রোড ডিভাইডারের দ্বিমুখী কনস্ট্রিক্টিং পাইপ পরিবর্তনসহ পুনঃস্থাপন কাজ।	১,২০,০০০/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	১,৩১,৭৮০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৫)	ঢাকা সেনানিবাস সিগন্যাল গেইট হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত (কুমিটোলা) রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৬৫,৭৬৩/- টাকা	মেসার্স ফারাসিফ ট্রেডিং কর্পোরেশন	৬৯,০৩৩/৯৬ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত

চলমান পাতা-১৩

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer/ Lowest Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১৩)	সেনাপত্নী হাই স্কুলের ল্যাবরেটরী রুমের কম্পিউটার স্থাপনের জন্য পাওয়ার পয়েন্ট স্থাপন কাজ।	২২,১৯০/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	২৫,৫০০/- টাকা	বিদ্যালয় তহবিল
(১৪)	শহীদ সরণিষ্ট স্টাফ রোডে ও এএফডির সামনে এমপি কর্তৃক ব্যবহৃত দুইটি ট্রাফিক পোস্ট পুনঃনির্মাণ কাজ।	৮০,৩০০/- টাকা	মেসার্স ইউনুছ এন্ড ব্রাদার্স	৯২,৩০৮/৮৬ টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(১৫)	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ১.৫ টন ক্যাপাসিটির ২টি উইন্ডো টাইপ এয়ার কুলার সরবরাহ ও স্থাপন কাজ।	১,০০,০০০/- টাকা (বাজার দর)	স্পার্ক ইলেক্ট্রনিক্স	৮০,৯৭৫/- টাকা	হাসপাতালের নৈমিত্তিক খাত
(১৬)	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ডিজিটাল সাইক্লোস্টাইল মেশিন সরবরাহ	১,৯১,৮০০/- টাকা (বাজার দর)	ডিজিটাল ইলেক্ট্রনিক্স	১,৯১,৫০০/- টাকা	বোর্ড ফান্ড পিসিবি কর্তৃক অনুমোদিত

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য	ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
১	১৪,০২,৬০২/৯৪		১১	-	দর বেশী বিবেচিত হওয়ার পুনঃ দরপত্র আহ্বান করা হোক।
২	৩০,০০০/- টাকা		১২	২,১১,১৮০/৬১ টাকা	
৩	২,৯৭,২১৭/৪১ টাকা	ঘটনোত্তর অনুমোদন	১৩	-	Non responsive হিসেবে পুনঃ দরপত্র আহ্বান করা হোক।
৪	৪,০৬,৪৮৭/৭৩ টাকা	ঘটনোত্তর অনুমোদন	১৪	১,৩১,৭৮০/- টাকা	
৫	১,০৮,৩১২/৭২ টাকা		১৫	৬২,০৩৩/৯৬ টাকা	
৬	১,০৩,২২০/২০ টাকা		১৬	১,৫০০/- টাকা	
৭	-	দর বেশী বিবেচিত হওয়ার পুনঃ দরপত্র আহ্বান করা হোক।	১৭	৯২,১০৮/৮৬ টাকা	
৮	-	-	১৮	৮০,৯৭৫/- টাকা	
৯	-	-	১৯	১,৯১,৫০০/- টাকা	ঘটনোত্তর অনুমোদন
১০	-	-			

ক্রমিক নং-১, ২ এবং ১৬ এ বর্ণিত কাজগুলোর দর চূড়ান্ত অনুমোদনের জন্য সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রয়োজনীয় কাগজাদি প্রেরণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর জন্য সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২২ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর জায়গা ইজারা প্রদান প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং স্থানে প্রায়শঃই এলোমেলোভাবে গাড়ী রাখা এবং রিক্সা প্রবেশজনিত কারণে বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি হয়। ফলে ক্রেতা সাধারণের বাজারে আসা-যাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়। ইদানিংকালে উক্ত স্থানে গাড়ী চুরিরও দুই একটি বিচ্ছিন্ন ঘটনার কথা জানা গেছে। উক্ত অবস্থা নিরসনকল্পে নির্ধারিত শর্তবলীর মাধ্যমে স্থানটি বছর ভিত্তিক ইজারা প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর স্থানটি ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ইজারা গ্রহীতা কর্তৃক ন্যূনতম হারে টোল আদায় করতে হবে।

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২৩ : নভোথিয়েটার হতে মহাখালী রেল গেইট পর্যন্ত, ঢাকা গেইট হতে আর্মি গল্ফ ক্লাবের উত্তর সীমানা পর্যন্ত এবং পুরাতন পর্যটন মোড় হতে রোকেয়া সরণির সংযোগ সড়কের পার্শ্বস্থ এলাকায় হোর্ডিং/সাইন বোর্ড স্থাপনের জন্য ইজারা প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইতোপূর্বে বিজয় সরণি (নভোথিয়েটার) হতে মহাখালী রেল গেট এবং ঢাকা গেট হতে আর্মি গল্ফ ক্লাবের উত্তর সীমানা পর্যন্ত রাস্তা পার্শ্ব বিলবোর্ড, হোর্ডিং, নিয়ন সাইন, প্লাস্টিক সাইন ইত্যাদি বিজ্ঞাপন লাগানোর অনুমতি দেয়া হতো তৎপ্রেক্ষিতে বিভিন্ন বিজ্ঞাপনী সংস্থা হতে ক্যান্টনমেন্ট বোর্ডের মডেল ট্যাক্স হিসেবে প্রায় ১০/১৫ লক্ষ টাকা আয় হতো। বিগত ২০০৭ সাল হতে উক্ত বিলবোর্ড সমূহের অনুমতি প্রদান বন্ধ করায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড তার বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। রোকেয়া সরণির সংযোগ সড়কের পার্শ্বস্থ এলাকা হতে বিজয় সরণীর মোড় হয়ে মহাখালী রেলগেট পর্যন্ত বিভিন্ন প্রতিষ্ঠানকে বিজ্ঞাপন লাগানোর অনুমতি দেয়া হলে সেক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ড বছরে প্রায় ২০/২৫ লক্ষ টাকা আয় করবে এবং উক্ত আয় ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে সহায়ক হবে। উল্লেখ্য যে, বর্তমানে উল্লেখিত স্থানসমূহে ক্যান্টনমেন্ট বোর্ডের বিনা অনুমতিতে বিভিন্ন বিজ্ঞাপনী সংস্থার সাইনবোর্ড, বিলবোর্ড রয়েছে য হতে ক্যান্টনমেন্ট বোর্ড কোন মডেল ট্যাক্স পায়না।

সিদ্ধান্ত : উল্লেখিত স্থানসমূহে বিজ্ঞাপন প্রচারের নিমিত্তে বোর্ডের প্রচলিত বিধান অনুসারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েব সাইট প্রস্তুত প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড একটি সেবা ধর্মী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠান সেনানিবাসে বসবাসকারী সামরিক-বেসামরিক ব্যক্তিবর্গের যাবতীয় নাগরিক সুবিধাদি প্রদান করে থাকে কিন্তু বোর্ডের ওয়েব সাইট না থাকায় বোর্ড কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা/তথ্যাদি সম্পর্কে জনগণ জানতে পারছেন না। জরুরী ভিত্তিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েব সাইট প্রস্তুত করার বিষয়ে সভায় সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েব সাইট প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ : উদ্যোগী সংস্থার মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটে একটি বহুতল ভবন নির্মাণের নিমিত্তে বাইলজ অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সিটি কর্পোরেশন এর ন্যায় ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জমিতে ডেভলোপার/উদ্যোগী সংস্থার মাধ্যমে বহুতল বাণিজ্যিক/আবাসিক ভবন তৈরীর নিমিত্তে একটি নীতিমালা/বাইল অনুমোদন করা প্রয়োজন। বর্তমানে ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক অনুসৃত বাইল অনুসরণ করে প্রস্তুতকৃত বাইলজ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো। উক্ত বাইলজ আরো বিশদ পর্যালোচনার অবকাশ রয়েছে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বোর্ডের সম্মানিত সদস্যগণকে প্রস্তাবিত বাইলজ এর একটি কপি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী সভায় উক্ত বাইলজ সম্পর্কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়।

আলোচনা-২৬ : ডিওএইচএসসহ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে এটিএম বুথ স্থাপন প্রসংগে।

বিষয়টি উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য গত ১১/১০/২০০৯ তারিখে ইস্টার্ন ব্যাংক লিঃ কর্তৃক আবেদন করেন। বিষয়টি ১২/১০/২০০৯ তারিখের বোর্ড সভার ২৮-বিবিধ (৩) নং আলোচ্যসূচীর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন :-

"ট্রাস্ট ব্যাংক-কে সেনানিবাসের উল্লেখযোগ্য স্থানে এটিএম বুথ স্থাপনের জন্য প্রস্তাব প্রদান করা হোক। ট্রাস্ট ব্যাংক সম্মত না থাকলে ইস্টার্ন ব্যাংক এর প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।"

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২১/১০/২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/ বিটিএস/ ১/১১৩ নং পত্রের মাধ্যমে ট্রাস্ট ব্যাংক লিমিটেডকে এটিএম বুথ স্থাপনের বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু ট্রাস্ট ব্যাংক এর নিকট হতে অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, উল্লেখিত স্থানসমূহে এটিএম বুথ স্থাপনের জন্য আগ্রহী ব্যাংকসমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য আগ্রহী ব্যাংকসমূহের নিকট হতে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ : বনানী কবরস্থানে মাটি ভরাট প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনানিবাস কবরস্থানের নিচু জায়গা মাটি দ্বারা ভরাট করে সমতল করতে ১,৮৫৬০০.০০ ঘনফুট মাটি প্রয়োজন হবে। মাটি ভরাটের জন্য ব্যয় হবে ২৬,১৭,৫২৫/- (ছাব্বিশলক্ষ সতের হাজার পাচশত পচিশ) টাকা।

সিদ্ধান্ত : সেনানিবাস কবরস্থানের নিচু জায়গা মাটি দ্বারা ভরাটকরণের নিমিত্তে ২৬,১৭,৫২৫/- (ছাব্বিশলক্ষ সতের হাজার পাচশত পচিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৮ : যানবাহন সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণের জন্য সিএসডি'র দক্ষিণ পার্শ্বের পার্কিং স্পেসের প্রয়োজনীয় সংস্কার ও প্রবেশ গেইট প্রশস্তকরণ প্রসংগে।

আলোচনা : উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ৯২,১৮০/- (বিরানব্বই হাজার একশত আশি) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ৯২,১৮০/- (বিরানব্বই হাজার একশত আশি) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। প্রয়োজনীয় ভিত্তিতে উক্ত কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হোক।

- আলোচ্যসূচী-২৯ : ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জের পার্শ্ব হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্ব, শহীদ আজিজ পল্লী এলাকার হাইরাইজ বিল্ডিং এলাকা ও সেনা কেন্দ্রীয় মসজিদ এলাকায় রোপণের জন্য ৩০ প্যাকেট হাইব্রিড ইনকা গাদা ফুলের বীজ, ৫ প্যাকেট ডায়াম্যান্ড ফুলের বীজ, ৩ প্যাকেট ডালিয়া ফুলের বীজ ক্রয় প্রসংগে।
- আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জের পার্শ্ব হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্ব, শহীদ আজিজ পল্লী এলাকার হাইরাইজ বিল্ডিং এলাকা, সেনা কেন্দ্রীয় মসজিদ এলাকায় রোপণের জন্য ৩০ (ত্রিশ) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (১০০০ বীজের), ০৫ (পাঁচ) প্যাকেট ডায়াম্যান্ড ফুলের বীজ (১০০০ বীজের), ০৩(তিন) প্যাকেট ডালিয়া ফুলের বীজ (১০০০ বীজের) সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ০১ নভেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং -৭, ব্লক -এ, সেকশন-১১ মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৯৩,৪০০/- (এক লক্ষ তিরানব্বই হাজার চারশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং -৭, ব্লক -এ, সেকশন-১১ মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৯৩,৪০০/- (এক লক্ষ তিরানব্বই হাজার চারশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।
- আলোচ্যসূচী-৩০ : ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণির আইল্যান্ড, সেনাসদর, সেনাভবন এবং শহীদ আজিজ পল্লী এলাকার রাস্তার পার্শ্ব রোপণের জন্য ৫ প্যাকেট এস্টার, ৪০ প্যাকেট পিটুনিয়া, ৮ প্যাকেট জাম্বু গাদা ফুলের বীজ এবং পলি ব্যাগে ২০০০টি ডালিয়া ফুলের কাটিং, ৫০০টি স্নো-বল (চন্দ্রমল্লিকা) ক্রয় প্রসংগে।
- আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণির আইল্যান্ড, সেনাসদর, সেনাভবন ও শহীদ আজিজ পল্লী রাস্তার পার্শ্ব রোপণের জন্য ০৫ (পাঁচ) প্যাকেট এস্টার ফুলের বীজ (১০০০ বীজের), ৪০ (চল্লিশ) প্যাকেট পিটুনিয়া (১০০০ বীজের), ০৮ (আট) প্যাকেট জাম্বুগাদা (১০০০বীজের), ২০০০ (দুই হাজার) টি ডালিয়া ফুল গাছের কাটিং চারা পলিব্যাগে, স্নো-বল (চন্দ্র মল্লিকা) পলিব্যাগে ৫০০ (পাঁচশত) টি চারা সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ০৫ নভেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং -৭, ব্লক -এ, সেকশন-১১ মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৩৬,৭০০/- (একলক্ষ ত্রিশ হাজার সাতশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং -৭, ব্লক -এ, সেকশন-১১ মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৩৬,৭০০/- (একলক্ষ ত্রিশ হাজার সাতশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।
- আলোচ্যসূচী-৩১ : ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে নিয়মিতভাবে ঘাস কাটার জন্য ইয়ার্ডম্যান ঘাস কাটার মেশিন মেরামতের নিমিত্তে প্রাপ্ত সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।
- আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন স্থানে নিয়মিতভাবে ঘাস কাটার জন্য ইয়ার্ডম্যান ঘাস কাটার গাড়ী যন্ত্রাংশ দ্বারা মেরামতের জন্য দরপত্র আহবান করা হলে ০৪ নভেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে মেসার্স জুই এন্টারপ্রাইজ, ৫৪৪/১ উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক ঘাসকাটা মেশিন যন্ত্রাংশ দ্বারা মেরামতের জন্য ৯৮,৮৫০/- (আটানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : মেসার্স জুই এন্টারপ্রাইজ, ৫৪৪/১ উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত ৯৮,৮৫০/- (আটানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্নদর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১৭

আলোচ্যসূচী-৩২ : বনানী ডিওএইচএস এলাকায় ঝাড়ুদার নিয়োগ সংক্রান্ত সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ২৯ অক্টোবর, ২০০৯ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা : বনানী ডিওএইচএস এলাকায় সুইপার নিয়োগের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, বনানী ডিওএইচএস এলাকায় অত্রদপ্তরের ০৩ (তিন) জন ঝাড়ুদার ভ্যানগাড়ী দ্বারা বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে ডাস্টবিনে রাখে। ভবিষ্যতে ডিওএইচএস পরিষদ কর্তৃক ভ্যান চালক নিয়োগ করতে হবে এবং বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে ডাস্টবিনে রাখার জন্য বনানী ডিওএইচএস পরিষদের নিয়োগকৃত ভ্যান চালকগণ ময়লা সংগ্রহ শুরু করার পর অত্র দপ্তরের ঝাড়ুদারগণ রাস্তা ও ড্রেন পরিষ্কারের কাজ শুরু করতে পারবে। এখানে উল্লেখ্য যে, বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা সংগ্রহের কাজ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতা বহির্ভূত। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক শুধুমাত্র ডাস্টবিন হতে ময়লা/আবর্জনা সংগ্রহ করা হয়ে থাকে।

সিদ্ধান্ত : বনানী ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের নিমিত্তে ০৫(পাঁচ)টি ভ্যান গাড়ী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভ্যান চালক ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগ করতে হবে।

আলোচ্যসূচী-৩৩ : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঈদের নামাজ আদায়ের লক্ষ্যে সেনানিবাসস্থ আল্লাহ মসজিদ এর সামনের ঈদগাহ মাঠে কার্পেট চাদর দ্বারা বিছানা এবং ২টি গেইট ও ইমাম সাহেবের মিম্বর তৈরীর সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে ঈদের নামাজ আদায়ের জন্য সেনানিবাসস্থ আল্লাহ মসজিদের সামনের ঈদগাহ মাঠে ১৮০ - ০' X ১৩০ - ০' জায়গায় কার্পেট, সাদা চাদরের বিছানা, ০২ (দুই) টি গেইট ও মিম্বর তৈরীর নিমিত্তে দরপত্র আহবান করা হলে ০৯ নভেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে সাগর ডেকোরেশন, ৫৭ রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বনিম্ন ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : সাগর ডেকোরেশন, ৫৭ রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বনিম্ন ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৩৪ : মিরপুর ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন/মনোনয়ন সংক্রান্ত সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ১০ অক্টোবর, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্র প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটির মনোনীত সদস্যগণের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে। সে প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস পরিষদ এর একজিকিউটিভ কমিটি নির্বাচনের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ডিওএইচএস পরিষদসমূহের কনস্টিটিউশন অনুসারে একজিকিউটিভ কমিটির বিভিন্ন পদে নির্বাচনের কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-১৮

আলোচ্যসূচী-৩৫ : রজনীগন্ধা সুপার মার্কেটের এডহক কমিটি গঠন প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের সহযোগী কমিটির মেয়াদ গত ২০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। পরবর্তীতে উক্ত কমিটির মেয়াদ ৩১ আগস্ট, ২০০৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ জুলাই, ২০০৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের সাথে প্রাপ্ত মার্কেটের ব্যবসায়ীদের ১৪ জুন, ২০০৯ তারিখের মাধ্যমে মার্কেটে সহযোগী কমিটি নির্বাচিত না হওয়া পর্যন্ত তালিকা মোতাবেক এডহক কমিটি করার অনুরোধ জানানো হয়। উক্ত পত্রের সাথে প্রাপ্ত আবেদনপত্রটি যাচাই করে দেখা গিয়েছে যে, প্রস্তাবিত এডহক কমিটির সদস্যদের মধ্যে অধিকাংশই রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক বা ব্যবসায়ী নন। উক্ত মার্কেটের দোকান মালিক বা ব্যবসায়ী ব্যতীত অন্য কাউকে এডহক কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা সঠিক হবে না বিধায় ৩০ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৫ নং আলোচ্যসূচীতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

“আবেদিত তালিকাটি যাচাই-বাছাইপূর্বক রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক অথবা প্রকৃত ব্যবসায়ীদের সমন্বয়ে ১২ (বার) সদস্য বিশিষ্ট একটি এডহক কমিটির নাম প্রস্তাব করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়”

সিদ্ধান্ত : সরেজমিন যাচাই-বাছাই করে নিম্নোক্তভাবে এডহক কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রমিক নং	নাম	পদবী
১	জনাব মোঃ তাজুল ইসলাম	আহবায়ক
২	জনাব মাহমুদুল হক (ডুর্)	সদস্য
৩	জনাব সামসুল হক ভূঞা	সদস্য
৪	জনাব হাজী নূর মিয়া	সদস্য
৫	জনাব মোঃ কামাল হোসেন	সদস্য
৬	জনাব মোঃ নূর নবী মাস্টার	সদস্য
৭	জনাব এফ এম মেহেদী ভূঞা	সদস্য
৮	জনাব মোঃ রফিকুল ইসলাম	সদস্য
৯	ডাঃ আব্দুল হাকিম	সদস্য
১০	জনাব মোঃ বাবুল ঢালী	সদস্য
১১	জনাব মোঃ মোসলেহ উদ্দিন	সদস্য
১২	জনাব মোঃ মফিজুর রহমান ভূঞা	সদস্য

উক্ত কমিটির মেয়াদ হবে ০৩(তিন) মাস। আগামী ০৩(তিন) মাসের মধ্যে ভোটার তালিকা প্রস্তুত করে রজনীগন্ধা সুপার মার্কেটে সহযোগী সদস্য নির্বাচনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

আলোচ্যসূচী-৩৬ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে ১৬ নভেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত ০৭(সাত)টি আবেদন পাওয়া গিয়েছে :-

ক্রমিক নং	ফার্মের নাম ও ঠিকানা	মন্তব্য
(১)	মেসার্স সাইমুন ইন্টারন্যাশনাল প্রোঃ জনাব মোঃ জসিম উদ্দিন (সুলতান) এইচ-৯১ (৩য় তলা), নিউ এয়ারপোর্ট রোড, কাকলি, বনানী, ঢাকা।	
(২)	মেসার্স রিক্রাম ইন্টারন্যাশনাল প্রোঃ মেজর এম কামরান হামিদ, পিএসসি (অবঃ), ২৩/এ, প্রি স্কুল স্ট্রীট, ঢাকা।	
(৩)	মেসার্স আইয়িন এন্ড আন্ডারিন ট্রেডার্স প্রোঃ জনাব দিপু রহমান ৪৩১/এ (নীচ তলা) দক্ষিণ কাফরুল, থানা-কাফরুল, ঢাকা সেনানিবাস।	
(৪)	মেসার্স এইচ এন্ড এইচ এন্টারপ্রাইজ প্রোঃ জনাব খন্দকার জাকির হোসেন ২৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	

চলমান পাতা-১৯

ক্রমিক নং	ফার্মের নাম ও ঠিকানা	মন্তব্য
(৫)	মেসার্স পি পি কন্সট্রাকশন প্রোঃ জনাব মোঃ খোরশেদ আলম খুশু ৭০৭, বড় মগবাজার, পোঃ-শান্তিনগর, থানা-রমনা, জেলা-ঢাকা।	
(৬)	মেসার্স জে ইউটিলিটি কোং প্রোঃ জনাব মোঃ আলী হুঁইয়া জাবেদ ফ্ল্যাট নং-৪০২, বাড়ী নং-২৩/বি, রোড নং-২/এ, শহীদ বদিউজ্জামান রোড, ঢাকা সেনানিবাস।	
(৭)	মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ প্রোঃ জনাব মোঃ চাঁন মিয়া সি-২২৮, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	

সিদ্ধান্ত : উপরোল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ২য় শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো। নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় কাগজাদি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং বিল্ডিং (ব্রডওয়ে বিল্ডিং) এর ভাড়া বৃদ্ধি প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৮৪ নং প্লট ও প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিংটি প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ এর ০৩ মার্চ, ২০০১ তারিখের এডম/৫৪/৪১ নং পত্রে সিএসডি-কে ০৫(পাঁচ) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্তে অনুরোধ জানানো হয়। সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), ঢাকা সেনানিবাসের ১২ মার্চ, ২০০১ তারিখের ৩৯১০৬/২/ঢাকা/সিএসডি নং পত্রে বিষয়টির উপর কার্যকরী ব্যবস্থা নেয়ার জন্য অত্র দপ্তরকে অনুরোধ জানানো হলে ২২ মার্চ, ২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১৬ নং সিদ্ধান্তের আলোকে ৮৪ নং প্লটে অবস্থিত ব্রডওয়ে বিল্ডিংটি পূর্বের সকল ভাড়াটিয়াসহ সিএসডি, বাংলাদেশ এর নিকট ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপক্ষেতে ২৫ আগস্ট, ২০০২ তারিখে অত্র দপ্তরের সাথে প্রতি বর্গফুট ৩.৫০ টাকা হিসেবে ১৮.১৫০ বর্গফুটের মাসিক ৬৩.৫৭৫/- (তেষটি হাজার পাঁচশত পচাত্তর) টাকা ভাড়ার ভিত্তিতে জেনারেল ম্যানেজার, সিএসডি বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা সেনানিবাসের সাথে ০১ নভেম্বর, ২০০২ তারিখ হতে ০৫(পাঁচ) বছরের ইজারা চুক্তি সম্পাদিত হয়। ৩১/১০/২০০৭ তারিখে উক্ত ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর সিএসডি বাংলাদেশের ০১/১০/২০০৭ তারিখের এডমিন/৫২/চুক্তি/৪ নং পত্রের প্রেক্ষিতে বিষয়টি ২৮/১১/২০০৭ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভায় উপস্থাপন করা হলে প্রতি বর্গফুটের ৪/- টাকা হারে ১৮১৫০ বর্গফুটের মাসিক ভাড়া ৭২,৬০০/- টাকা ধার্য করে ০১/১১/২০০৭ তারিখ হতে পরবর্তী ০৫ বছরের জন্য ইজারার মেয়াদ নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী ৮/১/২০০৮ তারিখে একটি ইজারা চুক্তি স্বাক্ষর করা হয়। ইজারাকৃত ভবনটি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ও ইজারাকৃত বিধায় মাসিক প্রতি বর্গফুট ৪/- টাকা ভাড়া নিত্যন্তই অপ্রতুল ও অসংগতিপূর্ণ। তাই বাণিজ্যিক ভবনের ভাড়ার সাথে সামঞ্জস্য রেখে উক্ত ভবনের ভাড়া পুনঃ নির্ধারণের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং বিল্ডিং (ব্রডওয়ে বিল্ডিং) এর মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৬/- (ছয়) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সিএসডি কর্তৃপক্ষকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৩৮ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যে কোন কাজের দশ লক্ষ টাকার উর্ধ্বের মূল্যানুমান এমইএস এর ভেটিংকরণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের মূল্যানুমান প্রচলিত এমইএস সিস্টেম অব রেইটস অনুসারে প্রস্তুত করা হয়। কিন্তু বড় কাজে ক্ষেত্রে মূল্যানুমানসমূহ তৃতীয় কোন এক্সপার্ট দ্বারা পরীক্ষা করা হয় না। তাই ১০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্পসমূহের মূল্যানুমান এমইএস কর্তৃক ভেটিং করানো প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যে কোন কাজের দশ লক্ষ টাকার উর্ধ্বের মূল্যানুমান এমইএস এর ভেটিং করানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২০

- আলোচ্যসূচী-৩৯ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের অভ্যন্তরে বেসামরিক ব্যক্তিবর্গের আগমন/নির্গমন তদারকি ও পরিচয়পত্রের সঠিকতা নিরূপন প্রসংগে।
- আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সম্প্রতি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অভ্যন্তরে বিভিন্ন ধরনের লোক জনের ব্যাপক আনাগোনার কারণে ক্যান্টনমেন্ট বোর্ডসহ সেনানিবাসের নিরাপত্তা নিয়ে উদ্বেগের সৃষ্টি হয়েছে। যার ফলে ক্যান্টনমেন্ট বোর্ডে বেসামরিক ব্যক্তিবর্গের আগমন নিয়ন্ত্রণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডে যে সকল বেসামরিক ব্যক্তিবর্গ আগমন করে থাকেন তাদের চলাচলের একটি স্বয়ং সম্পূর্ণ নীতিমালা প্রণয়ন করে আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৪০ বিবিধ (১) : বারিধারা ডিওএইচএস এর ১৭৮ নং বাড়ীর ঠিকানায় Virgo Communications Ltd. এবং Virgo Media Limited এর নামে যথাক্রমে এফএম রেডিও এবং টেলিভিশন চ্যানেল এর ট্রেড লাইসেন্স প্রদান প্রসংগে।
- আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ডিওএইচএস বারিধারা এলাকাস্থিত ১৭৮ নং বাড়ীর মালিক মেজর জেনারেল সৈয়দ সাফায়েতুল ইসলাম (অবঃ), ব্যবস্থাপনা পরিচালক, ভার্গো কমিউনিকেশন লিঃ ও ভার্গো মিডিয়া লিঃ কর্তৃক এফ এম রেডিও এবং টিভি চ্যানেল পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স চেয়ে ০৮/১১/২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। তৎপ্রেক্ষিতে আবেদন পত্র দু'টি নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে গত ১২ নভেম্বর, ২০০৯ তারিখে ১৩০০/৭০/১৪/এ-৩৮ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয় বিধায় প্রতিষ্ঠানটির অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : Virgo Communications Ltd. এবং Virgo Media Limited এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৪০বিবিধ(২) : মহাখালী ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাসের ২১ অক্টোবর, ২০০৯ তারিখের পত্রে উল্লেখিত অবৈধ নির্মাণ ও কিছু জঙ্গল ও ছোট ছোট গাছ কর্তন প্রসংগে।
- আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস পরিষদ ঢাকা সেনানিবাসের ২১ অক্টোবর, ২০০৯ ইং তারিখের পত্র নং ৬৯৯/ডিওএইচএস/০৯ পত্রে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল (BIS) এর যানজট দূরীকরণের জন্য আশেপাশে বাড়ীর সম্মুখে সরকারী জায়গায় স্থাপিত অবৈধ নির্মাণ ও কিছু জঙ্গল ও ছোটখাট গাছ কর্তনের জন্য অনুরোধ করা হয়। কিন্তু সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, উক্ত এলাকায় কোন জঙ্গল নেই। কয়েকটি বাড়ীর সামনে কিছু গাছ রয়েছে। বিস্তারিত আলোচনান্তে উক্ত গাছগুলি না কাটার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।
- সিদ্ধান্ত : প্রস্তাবিত স্থানের গাছ না কাটার সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৪০বিবিধ(৩) : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ০২(দুই)টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়া ক্লাবের ১২তলা ভবন নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে।
- আলোচনা : বিষয়টির উপর আলোচনায় নির্বাহী প্রকৌশলী জানান যে, সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ (সংশোধিত ১৯৯৯) অনুযায়ী সর্বোচ্চ ০৬(ছয়) তলা ভবনের (৬০ - ০') নকশা অনুমোদনের বিধান রয়েছে এবং উক্ত কাজের জন্য বেসমেন্টসহ ১২ তলা ভবন নির্মাণের বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে।
- সিদ্ধান্ত : - আপাততঃ পূর্ব দিকে প্রবেশ পথ রেখে ০৬(ছয়) তলা ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।
উল্লেখ্য যে, উক্ত ভবনের নকশা অনুমোদন ফি বাণিজ্যিক হারে পরিশোধ করতে হবে।

চলমান পাতা-২১

৪০বিবিধ(৪) : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	পি নং-২১৬ ক্যাপ্টেন এ জেড এম শামিম খান পাঠান (এল) পিএসসি, বিএন	৩২১	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন
(২)	বিএ-১০০২০৪ মেজর মির্জা মোঃ মনসুর রহমান (অবঃ)	২৬৪	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন
(৩)	বিডি-৭০২৫ গ্রুপ ক্যাপ্টেন এস কে নাসিম আলী	৩৮২	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আত্মস্বত্বীন পরিবর্তন)
(৪)	বিডি-৬০৯৬ গ্রুপ ক্যাপ্টেন জামাল উদ্দিন আহমেদ	৬৮০	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০২টি পুটে যোগ্যতবে ০৬(ছয়) তলা ভবন (আত্মস্বত্বীন পরিবর্তন)
	বিডি-৭১৬২ গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ মুস্তাফিজুর রহমান	৬৮২		

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ০৪(চার)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

গৃহীত সিদ্ধান্ত : ক্রমিক নং-১ থেকে ৪ এ উল্লেখিত মোট ০৪(চার)টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪০বিবিধ(৫) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer/ Lowest Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	৪,৩৬,৮৮৪/- টাকা	মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স	৩,০৪,৮৪৪/৯৪ টাকা	মহাখালী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।
(২)	মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮১,৭৬৮/- টাকা	মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স	১,৯৯,৬৪৫/২২ টাকা	-ঐ-
(৩)	মহাখালী ডিওএইচএস এলাকার ৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮১,০০০/- টাকা	মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স	২,০৭,৬১৪/৮০ টাকা	-ঐ-
(৪)	মহাখালী ডিওএইচএস এলাকার ৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৬৯,১৭৯/- টাকা	মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স	১,৮৬,৯৫৫/- টাকা	-ঐ-
(৫)	মহাখালী ডিওএইচএস এলাকার ৬ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮৬,০২৬/- টাকা	মেসার্স সিকদার এন্টারপ্রাইজ	২,০০,৪৮৩/- টাকা	-ঐ-
(৬)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,২৭,৩০৭/- টাকা	মেসার্স জি এম ট্রেডার্স	৯৩,১৭৮/- টাকা	-ঐ-
(৭)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,১৩,৫২৮/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৮০,৭৮২/২২ টাকা	-ঐ-
(৮)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,১৮,৬৯৩/- টাকা	মেসার্স আমিন হোসেন	৭০,৪১৫/০৬ টাকা	-ঐ-
(৯)	মহাখালী ডিওএইচএস এলাকার ২৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	৫,৯৭,২৩৩/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৪,১৯,৮১৮/৩৫ টাকা	-ঐ-
(১০)	মহাখালী ডিওএইচএস এর পার্ক ও মসজিদ এলাকার রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	১০,০৪,০৫৬/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৬,৯৯,৬৪৮/৭২ টাকা	-ঐ-
(১১)	শহীদ সরণিস্থ বিমান সদর দপ্তরের সম্মুখে ২টি ট্রফিক পোস্ট পুনঃ নির্মাণ।	৮০,৩০০/- টাকা	মেসার্স সফিক এন্ড সঙ্গ	৯২,৭৩০/৯৪ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ
(১২)	মুসলিম মডার্ণ একাডেমীর বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৭৪,১৭৬/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	১,৮৯,৮১৪/৯১ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ
(১৩)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের পূর্ব প্রান্তে বিদ্যমান নিরাপত্তা দেয়াল ভেঙ্গে পশ্চিম দিকে সরিয়ে পুনঃ নির্মাণ।	২৪,৭৯৬/- টাকা	মেসার্স হাবিব এন্ড সঙ্গ	২৯,০০৪/২৫ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ
(১৪)	শহীদ সরণির উপর বিদ্যমান ৩টি স্টীল ফুটওভার ব্রিজ রংকরণ কাজ।	৪০,৭৯৭/- টাকা	মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ	৪৪,৫১৪ ৫৩ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ
(১৫)	বনানী কবরস্থানে ফুটপাথের পার্শ্বের পুরাতন ওয়াল ও গ্রীল মেরামত ও রংকরণ কাজ।	৬৪,৪৫৮/- টাকা	মেসার্স ফারসিয়া ট্রেডিং কর্পোরেশন	৭৭,৪৪৫/- টাকা	বোর্ড ফাউন্ড

চলমান পাতা-২২

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer/ Lowest Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১৬)	ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবন ও ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বাউন্ডারী ওয়ালে ওয়েদার কোট পেইন্টকরণ।	১,৯৮,৭৩০/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	২,২৭,৯৩৮/৩৪ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাত্র খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনাতে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য	ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
১	-	Non Responsive	১০	-	Non Responsive
২	-	-এ-	১১	৯২,৭৩০/৯৪ টাকা	
৩	-	-এ-	১২	১,৮৯,৮১৪/৯১ টাকা	
৪	-	-এ-	১৩	২৯,০০৪/২৫ টাকা	
৫	-	-এ-	১৪	৪৪,৫১৪/৫৩ টাকা	
৬	-	-এ-	১৫	৭৭,৪৪৫/- টাকা	
৭	-	-এ-	১৬	২,২৭,৯৩৮/৩৪ টাকা	
৮	-	-এ-			
৯	-	-এ-			

ক্রমিক নং-১ হতে ১০ পর্যন্ত ১০টি কাজের জন্য প্রাপ্ত সর্বনিম্ন দর বাজার দরের অনেক নিচে হওয়ায় এগুলো Non Responsive. উল্লেখিত ১০টি কাজের Responsive Tenderer নির্ধারণের জন্য যাবতীয় কাগজাদি সিএমইএস (আর্মি) এর নিকট প্রেরণ করা হোক। ক্রমিক নং-১৫ এর দরটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

৪০বিবিধ(৬) : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#১৬/এইচ ফ্ল্যাট#এ/৪, রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ ওসমান, ম্যানেজার, সমিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ এর ০২ ভুল্লাই, ২০০৯ তারিখের আবেদন	হাজী মোহাম্মদ মুহা, পিতা- মরহুম কবিবর আহম্মেদ, বাড়ী#১৬/এইচ ফ্ল্যাট#এ/৪, রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১২ নভেম্বর, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	অনুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর পরিশোধ আছে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর এ/৪ নং ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে আবেদন করা হয়। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর গৃহকর হালনাগাদ পরিশোধ আছে এবং অননুমোদিত নির্মাণের বিষয়টি নিয়মিত করা হয়েছে বিধায় নিম্নবর্ণিত ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর এ/৪ নং ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২৩

৪০বিবিধ(৭) : বাজী নির্মাণকালীন রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ আদায় সংক্রান্ত সেনাসদর,কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ অক্টোবর, ২০০৯ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের অনুচ্ছেদ ৯খ(২) প্রসংগে।

আলোচনা : • প্রস্তাবনাটির উপর আলোচনা কালে সেনাসদর,কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ অক্টোবর, ২০০৯ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের অনুচ্ছেদ ৯খ(২) এর উপর সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো। পর্যালোচনান্তে ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখের মধ্যে যে সকল পুট মালিক রাস্তার ক্ষতিপূরণ বাবদ ধার্যকৃত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হবেন তাদের নিকট হতে ধার্যকৃত ক্ষতিপূরণের ৫০% অতিরিক্ত অর্থ আদায় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখের মধ্যে যে সকল পুট মালিক রাস্তার ক্ষতিপূরণ বাবদ ধার্যকৃত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হবেন তাদের নিকট হতে ধার্যকৃত ক্ষতিপূরণের ৫০% অতিরিক্ত অর্থ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

৪০বিবিধ(৮) : মিরপুর ডিওএইচএস এর ৫৩২ নং পুটে নিরাপত্তা, পরিবেশ সংরক্ষণ ও সৌন্দর্য বর্ধনের নিমিত্তে ০.৫০ মিটার ছাদ বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, প্রস্তাবিত বিষয়টি সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন বহির্ভূত বিধায় বিবেচনা করার অকাশ নেই।

সিদ্ধান্ত : ছাদ বৃদ্ধির প্রস্তাবটি অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট পুট মালিককে অবহিত করা হোক।

৪০বিবিধ(৯) : ঢাকা সেনানিবাসে মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পে সিএসডি ভবনের উত্তর পার্শ্বের খালি জমিতে শপিং কমপ্লেক্স নির্মাণের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগ প্রসংগে।

আলোচনা : নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রাপ্ত কাগজাদি আরো যাচাই বাছাই করা প্রয়োজন। প্রত্যেকের নিকট হতে আলাদা আলাদাভাবে Confidentially financial Offer নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত : এ ব্যাপারে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৪০বিবিধ(১০) : মিরপুর ডিওএইচএস এর ২৫৩ নং পুটে সেমি-বেসমেন্ট নির্মাণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইনের বিধান মোতাবেক সেমি-বেসমেন্ট বিবেচনা করার অবকাশ নেই।

সিদ্ধান্ত : বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

৪০বিবিধ(১১) : বাংলাদেশ অনলাইন লিমিটেড কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকায় ওভারহেড অপটিক্যাল ফাইবার টানার অনুমতি প্রদান প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বাংলাদেশ অনলাইন লিঃ কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকায় ওভারহেড অপটিক্যাল ফাইবার ক্যাবল টানার নিমিত্তে অনুমতি চেয়ে অত্র দপ্তরে গত ০১ আগস্ট, ২০০৭ তারিখে আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৬ আগস্ট, ২০০৭ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৫/৮১ নং পত্রের মাধ্যমে বারিধারা ডিওএইচএস এর মতামত চাওয়া হয়। এতদ্ব্যপারে মতামত না পাওয়ায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৭/১৯৮ নং পত্রের মাধ্যমে বারিধারা ডিওএইচএস পরিষদকে তাগিদপত্র দেয়া হয়। এতদসত্ত্বেও উক্ত বিষয়ে কোন মতামত না পাওয়ায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০ নভেম্বর, ২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৭/২৬৭ নং পত্রের মাধ্যমে মতামত প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি পরিষদ কর্তৃক মতামত প্রদান করা হয়নি। এ বিষয়ে বারিধারা ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী সভাকে জানান যে, এ বিষয়ে আগামী বোর্ডসভার পূর্বেই তাঁদের মতামত জানানো হবে।

সিদ্ধান্ত : বারিধারা ডিওএইচএস পরিষদ এর মতামতসহ পরবর্তী সভায় উপস্থাপন করা হোক।

বিবিধ(১২) : মিরপুর ডিওএইচএস পরিষদের নব-নির্মিত ভবনের টয়লেটসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস পরিষদের নব-নির্মিত ভবনের টয়লেটসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের জন্য ডিওএইচএস পরিষদ এর ১৬ নভেম্বর, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। পত্রের সাথে জিই (আর্মি) মিরপুর কর্তৃক প্রস্তুতকৃত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মূল্যানুমানটি সভায় উপস্থাপন করা হলো। বিস্তারিত পর্যালোচনাস্তে উক্ত মূল্যানুমান অনুমোদন করা যায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকলন করতে হবে।

৪০বিবিধ(১৩) : সেনানিবাসের বিভিন্ন স্থানে BTCL কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সম্প্রতি ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে বিটিসিএল কর্তৃক রাস্তা কর্তন করা হলেও তা অদ্যাবধি মেরামত করা হয়নি। যার ফলে জন ও যান চলাচলে মারাত্মক অসুবিধা হচ্ছে। রাস্তাগুলো দ্রুত বিটিসিএল কর্তৃক মেরামত করার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিটিসিএল কর্তৃক কর্তনকৃত রাস্তাগুলো দ্রুত মেরামত করার নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পত্র প্রদান করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-২৫


-ঃঃ ২৫ ঃঃ-

৪০বিবিধ(১৪) : মিরপুর ডিওএইচএস অননুমোদিত এলাকায় ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন প্লটে অত্র দপ্তরে তালিকাভুক্ত নয় এরূপ ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণ কাজ করা হচ্ছে। যার ফলে প্রায়শঃই নানা জটিলতা সৃষ্টি হচ্ছে। প্লট মালিকগণকে সংশ্লিষ্ট ডেভলোপারদের ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত হওয়ার জন্য পত্র প্রদান করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : যে সকল প্লটে অননুমোদিত ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণ করা হচ্ছে সে সকল প্লট মালিককে পত্র প্রদান করা হোক। ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ডেভলোপার ক্যান্টনমেন্ট বোর্ডে নিবন্ধিত না হলে নির্মাণ কাজ বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নাজমুছ সাদাত সৈলিম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।


(কর্নেল তানভির হাসান মজুমদার)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।